"নিশ্চিত করি শোভন কর্মপরিবেশ,
গড়ে তুলি স্মার্ট বাংলাদেশ"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
(প্রশাসন অধিশাখা)
১৯৬ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি,
বিজয়নগর, ঢাকা-১০০০।
www.dife.gov.bd

**বিষয় : ২০২২-২৩ অর্থবছরের মে, ২০২৩ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।**

সভাপতি : সাইফ উদ্দিন আহমেদ
মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব) (অতিরিক্ত দায়িত্ব)
সভার তারিখ : ২১-০৬-২০২৩ খ্রিস্টাব্দ
সভার সময় : সকাল ১১.০০ ঘটিকা
স্থান : প্রধান কার্যালয়ের সম্মেলন কক্ষ (লেভেল-১৩)
উপস্থিতি : **পরিশিষ্ট-ক।**

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর, আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনাপূর্বক সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| ১। | গত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ | ২৮-০৫-২০২৩ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী সম্পর্কে জানতে চাওয়া হলে উপস্থিত সকলে কার্যবিবরণী যথাযথভাবে লিপিবদ্ধ করা হয়েছে মর্মে জানান। | ২৮-০৫-২০২৩ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণীতে কারো কোন আপত্তি/সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। | সহকারী মহাপরিদর্শক (প্রশাসন অধিশাখা) |
| ২। | আলোচ্য বিষয় অন্তর্ভুক্তি | সহকারী মহাপরিদর্শক (প্রশাসন অধিশাখা) বলেন যে, সভার কার্যপত্রের আলোচ্যসূচিতে নতুন কোন বিষয় পাওয়া যায়নি, নতুন বিষয় অন্তর্ভুক্তির প্রস্তাব পাওয়া গেলে তা আলোচ্যসূচিতে অন্তর্ভুক্ত করা হবে। | পরবর্তী সভার কার্যপত্রের আলোচ্যসূচিতে নতুন কোন বিষয় অন্তর্ভুক্ত করতে চাইলে সংশ্লিষ্ট সকলকে সভা অনুষ্ঠানের অন্তত ০৩ (তিন) কার্যদিবস পূর্বে সভাপতি বরাবর সে বিষয়ে লিখিত প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল। | ১। উপমহাপরিদর্শক (সকল)<br><br>২। সহকারী মহাপরিদর্শক (প্রশাসন শাখা) |
| ৩। | APA বাস্তবায়ন সংক্রান্ত। | ক) সভাপতি ২০২২-২৩ অর্থবছরের APA বাস্তবায়ন সংক্রান্ত অগ্রগতি জানতে চাইলে জনাব মনোয়ার হোসেন, পরিসংখ্যান ও গবেষণা কর্মকর্তা ও এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভায় জানান যে, নির্ধারিত সকল সূচকের লক্ষ্যমাত্রা শতভাগ নিশ্চিত করা হয়েছে। জেলা কার্যালয়সমূহের অর্জন সন্তোষজনক। তবে পরিদর্শনসূচকে নরসিংদী, রংপুর জেলা পিছিয়ে আছে। উদ্বুদ্ধকরণ সভা আয়োজনে বরিশাল জেলা পিছিয়ে আছে। কমপ্লায়ান্সে ফরিদপুর জেলা পিছিয়ে আছে। | ক) ২০২২-২৩ অর্থবছরের নির্ধারিত সকল সূচকের লক্ষ্যমাত্রা শতভাগ নিশ্চিত করতে হবে এবং এপিএ এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে যেসকল কার্যালয় লক্ষ্যমাত্রা থেকে পিছিয়ে থাকবেন তাদের লক্ষ্যমাত্রা এবং অর্জনের সংখ্যাভিত্তিক তথ্য | ১। উপমহাপরিদর্শক (সকল জেলা)<br>২। জনাব মনোয়ার হোসেন পরিসংখ্যান ও গবেষণা কর্মকর্তা |

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| | | কুমিল্লা, পাবনা, নরসিংদী, ফরিদপুর জেলা অভিযোগ সূচকে পিছিয়ে আছে। নতুন লাইসেন্সের আবেদন নিষ্পত্তিতে ফরিদপুর, সিরাজগঞ্জ, গোপালগঞ্জ জেলা পিছিয়ে আছে। সভাপতি বর্ণিত কার্যাসমূহকে তাদের স্ব স্ব সূচকে লক্ষ্যমাত্রা অর্জনের নির্দেশনা প্রদান করেন। | স্পষ্ট করে ছক আকারে অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | ও এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| | | খ) সভাপতি APA লক্ষ্যমাত্রা বাস্তবায়নের নিমিত্ত সকল প্রমাণক সংগ্রহপূর্বক তা সংরক্ষণ করা হচ্ছে এবং দপ্তরের সকল ফোকাল পয়েন্ট কর্মকর্তা মন্ত্রণালয়ের সকল ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের সাথে ইন-পারসন যোগাযোগ করেছেন কিনা জানতে চাইলে এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভাকে জানান সংশ্লিষ্ট প্রমাণক মন্ত্রণালয়ে প্রেরণপূর্বক সংশ্লিষ্ট ডেস্কে সঠিকভাবে পৌছালো কিনা তা নিশ্চিত করা হয়েছে। সভাপতি কার্যক্রম অব্যাহত রাখার নির্দেশনা প্রদান করেন। | খ) APA লক্ষ্যমাত্রা বাস্তবায়নের নিমিত্ত সকল প্রমাণক সংগ্রহপূর্বক তা সংরক্ষণ করতে হবে এবং দপ্তরের সকল ফোকাল পয়েন্ট কর্মকর্তা মন্ত্রণালয়ের সকল ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের সাথে ইন-পারসন যোগাযোগ করে সংশ্লিষ্ট প্রমাণক মন্ত্রণালয়ে প্রেরণপূর্বক সংশ্লিষ্ট ডেস্কে সঠিকভাবে পৌছালো কিনা তা নিশ্চিত করতে হবে। | |
| | | গ) সভাপতি এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা প্রতিমাসে দপ্তরের স্টাফ সভা এবং মাসিক সমন্বয় সভার পূর্বেই ৩১টি কার্যালয়ের এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তার সাথে অনলাইনে সভা করেছেন কিনা জানতে চাইলে এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা তা করছেন মর্মে সভাকে অবহিত করেন। সভাপতি কার্যক্রম অব্যাহত রাখার নির্দেশনা প্রদান করেন। | গ) এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে প্রতিমাসে দপ্তরের স্টাফ সভা এবং মাসিক সমন্বয় সভার পূর্বেই ৩১টি কার্যালয়ের এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তার সাথে অনলাইনে সভা করতে হবে। | |
| | | ঘ) সভাপতি মন্ত্রণালয়ের এপিএ (APA)-এর সূচকে লাইসেন্সের যে সংখ্যা নির্ধারণ করা হয়েছে তা অর্জনের সর্বশেষ অগ্রগতি জানতে চাইলে এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান নতুন লাইসেন্সের আবেদন নিষ্পত্তিকৃত সূচকে মন্ত্রণালয়ের লক্ষ্যমাত্রা ১০,৫০০টি। ইতোমধ্যে মে, ২০২৩ পর্যন্ত ৬,৮০১টি নতুন লাইসেন্স প্রদান করা হয়েছে অর্থাৎ লক্ষ্যমাত্রার ৬৫% নতুন লাইসেন্স প্রদান করা হয়েছে। সভাপতি লক্ষ্যমাত্রা অর্জনের জন্য উপমহাপরিদর্শক (সকল জেলা)-কে অনুরোধ করেন। | ঘ) মন্ত্রণালয়ের এপিএ (APA)-এর সূচকে লাইসেন্সের যে ১০,৫০০টি সংখ্যা নির্ধারণ করা হয়েছে তা অর্জনে উপমহাপরিদর্শক (সকল জেলা)-কে সচেষ্ট হতে হবে। | |

<table>
<tr><th>ক্র. নং</th><th>আলোচ্য বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td>০১</td><td>০২</td><td>০৩</td><td>০৪</td><td>০৫</td></tr>
<tr><td>৪।</td><td>অভিযোগ<br>(ম্যানুয়ালি, হেল্পলাইনে-১৬৩৫৭ এবং অন্যান্য মাধ্যম)</td><td>ক) ১) সভাপতি জুলাই/২০২২ হতে মে/২০২৩ পর্যন্ত ম্যানুয়ালি ও অন্যান্য মাধ্যমে প্রাপ্ত মোট অভিযোগের তথ্য জানতে চাইলে সাধারণ অধিশাখা হতে প্রাপ্ত তথ্যমতে সভায় জানানো হয় যে, জুলাই/২০২২ হতে মে/২০২৩ পর্যন্ত ম্যানুয়ালি ও অন্যান্য মাধ্যমে প্রাপ্ত মোট অভিযোগের নিষ্পত্তির শতকরা হার ৯৮.৮৮%।<br>
<table>
<tr><th>মোট প্রাপ্ত অভিযোগ</th><th>নিষ্পন্ন অভিযোগ</th><th>অনিষ্পন্ন অভিযোগ</th><th>নিষ্পত্তির শতকরা হার</th></tr>
<tr><td>৩০২৯</td><td>২৯৯৫</td><td>৩৪</td><td>৯৮.৮৮%</td></tr>
</table>
২) সভাপতি হেল্পলাইন (১৬৩৫৭)-এ প্রাপ্ত অভিযোগসমূহের নিষ্পত্তির তথ্য জানতে চাইলে সাধারণ অধিশাখা হতে প্রাপ্ত তথ্যমতে সভায় জানানো হয় যে, জুলাই/২০২২ থেকে মে/২০২৩ খ্রি. পর্যন্ত হেল্পলাইনে প্রাপ্ত মোট অভিযোগ নিষ্পত্তির হার ৫০.৩৬%।<br>
<table>
<tr><th>মোট প্রাপ্ত অভিযোগ</th><th>নিষ্পত্তিকৃত অভিযোগ</th><th>অনিষ্পন্ন অভিযোগ</th><th>নিষ্পত্তির শতকরা হার</th><th>অনিষ্পত্তির শতকরা হার</th></tr>
<tr><td>১১১৬</td><td>৫৬২</td><td>৫৫৪</td><td>৫০.৩৬%</td><td>৪৯.৬৪%</td></tr>
</table>
মে/২০২৩ খ্রি. মাসে হেল্পলাইনে প্রাপ্ত অভিযোগের ১২.২২% নিষ্পত্তি করা হয়েছে।<br>
<table>
<tr><th>মোট প্রাপ্ত অভিযোগ</th><th>নিষ্পত্তিকৃত অভিযোগ</th><th>অনিষ্পন্ন অভিযোগ</th><th>নিষ্পত্তির শতকরা হার</th></tr>
<tr><td>২২১</td><td>২৭</td><td>১৯৪</td><td>১২.২২%</td></tr>
</table>
৩) সভাপতি মে/২০২৩ মাসে লিমাতে প্রাপ্ত অভিযোগের নিষ্পন্নের হার জানতে চাইলে সাধারণ অধিশাখা হতে প্রাপ্ত তথ্যমতে সভায় জানানো হয় যে, মে/২০২৩ মাসে লিমাতে প্রাপ্ত অভিযোগের নিষ্পন্নের হার ৪৩.১৪%।<br>
<table>
<tr><th>লিমাতে প্রাপ্ত মোট অভিযোগ</th><th>নিষ্পন্ন অভিযোগ</th><th>অনিষ্পন্ন অভিযোগ (চলমান)</th><th>নিষ্পত্তির শতকরা হার</th></tr>
<tr><td>১০২</td><td>৪৪</td><td>৫৮</td><td>৪৩.১৪%</td></tr>
</table>
</td><td>ক) ১) ম্যানুয়ালি প্রাপ্ত অভিযোগের সঠিক সংখ্যা ও নিষ্পত্তির হার পরবর্তী সভায় উপমহাপরিদর্শক (সাধারণ শাখা)-কে উপস্থাপন করতে হবে।<br><br>ক) ২) হেল্পলাইনে (১৬৩৫৭) প্রাপ্ত অভিযোগের সঠিক সংখ্যা ও নিষ্পত্তির হার পরবর্তী সভায় উপমহাপরিদর্শক (সাধারণ শাখা)-কে উপস্থাপন করতে হবে।<br><br>ক) ৩) লিমাতে প্রাপ্ত অভিযোগের সঠিক সংখ্যা ও নিষ্পত্তির হার পরবর্তী সভায় উপমহাপরিদর্শক (সাধারণ শাখা)-কে উপস্থাপন করতে হবে।</td><td>১। উপমহাপরিদর্শক (সাধারণ শাখা)<br><br>২। উপমহাপরিদর্শক (সকল জেলা)</td></tr>
</table>

<table>
<tr><th>ক্র. নং</th><th>আলোচ্য বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td>০১</td><td>০২</td><td>০৩</td><td>০৪</td><td>০৫</td></tr>
<tr><td></td><td></td><td>সভাপতি ম্যানুয়ালি, হেল্পলাইনে-১৬৩৫৭ এবং অন্যান্য মাধ্যমে প্রাপ্ত অভিযোগ প্রাপ্তি এবং নিষ্পত্তির সঠিক তথ্য পরবর্তী সভায় উপস্থাপনের জন্য সাধারণ শাখার সংশ্লিষ্ট কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করেন।<br><br>খ) সভাপতি শ্রমিকের নিকট থেকে প্রাপ্ত অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তিতে লিমা ব্যবহার করা প্রসঙ্গে জানতে চাইলে সাধারণ অধিশাখা হতে প্রাপ্ত তথ্যমতে সভায় জানানো হয় যে, শ্রমিকের নিকট থেকে প্রাপ্ত অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তিতে লিমা ব্যবহার করা প্রসঙ্গে গত ১৫ মার্চ, ২০২৩ স্মারক নং ৪০.০১.০০০০.১০২.১৮.০০২.২০.৭১৯ এর মাধ্যমে একটি পত্র জারি করা হয়। বর্তমানে লিমাতে প্রতিটি অভিযোগ নিয়মিত ইনপুট প্রদান করা হচ্ছে। সভাপতি শ্রমিকের নিকট থেকে অভিযোগ গ্রহণ ও তা নিষ্পত্তিতে লিমা ব্যবহার করার নির্দেশনা প্রদান করেন।</td><td>খ) শ্রমিকের নিকট থেকে প্রাপ্ত অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তিতে লিমা ব্যবহার করা প্রসঙ্গে গত ১৫ মার্চ, ২০২৩ স্মারক নং ৪০.০১.০০০০.১০২.১৮.০০২.২০.৭১৯ এর মাধ্যমে প্রেরিত পত্রের আলোকে গৃহীত কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং পরবর্তী সভায় অগ্রগতি উপস্থাপন করতে হবে।</td><td></td></tr>
<tr><td>৫।</td><td>LIMA সংক্রান্ত কার্যক্রম</td><td>ক) সভাপতি লিমার মাধ্যমে মে, ২০২৩ মাসে ৩১টি উপমহাপরিদর্শকের কার্যালয়ের কার্যক্রম সম্পর্কে জানতে চাইলে উপমহাপরিদর্শক (মনিটরিং ও মূল্যায়ন শাখা) উপমহাপরিদর্শকের কার্যালয়সমূহের নতুন লাইসেন্স প্রদান, লাইসেন্স নবায়ন, পরিদর্শন সংক্রান্ত কার্যক্রমের অগ্রগতি নিম্নরূপে উপস্থাপন করেন :<br><table><tr><th>কার্যক্রম</th><th>লিমা</th><th>ম্যানুয়ালি</th><th>মোট</th></tr><tr><td>নতুন লাইসেন্স প্রদান</td><td>৭৪৯</td><td>৩৩৮</td><td>১০৮৭</td></tr><tr><td>লাইসেন্স নবায়ন</td><td>৫৩৭</td><td>১৯৮</td><td>৭৩৫</td></tr><tr><td>শ্রম পরিদর্শন</td><td>২৫৪৩</td><td>৩৭৩৮</td><td>৬২৮১</td></tr></table><br>খ) সভাপতি ম্যানুয়াল এবং লিমার মাধ্যমে লাইসেন্স, লে-আউট, নবায়ন, পরিদর্শন সংক্রান্ত সকল কার্যক্রম যথাযথভাবে সংশ্লিষ্ট লিংকের মধ্যে ইনপুট প্রদানের এবং পরবর্তী সভায় অগ্রগতি উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন।<br><br>গ) যুগ্ম-মহাপরিদর্শক (সেইফটি অধিশাখা) বলেন, GIZ-এর আর্থিক সহযোগিতায় সফটওয়্যার কোম্পানি টেকনোভিস্তা প্রতিষ্ঠানটি লিমা অ্যাপসের কারিগরি সহায়তা প্রদান করে আসছিল কিন্তু তাদের চুক্তির মেয়াদ শেষ পর্যায়ে। এক্ষেত্রে যেহেতু এখনও তাদের সহায়তা প্রয়োজন সেক্ষেত্রে তাদের চুক্তির মেয়াদ বৃদ্ধি করা প্রয়োজন। সভাপতি প্রস্তাবে একমত পোষণ করেন এবং চুক্তির মেয়াদ বৃদ্ধির জন্য GIZ-এর</td><td>ক) উপমহাপরিদর্শকের কার্যালয়সমূহকে লাইসেন্স, লে-আউট, নবায়ন, পরিদর্শন সংক্রান্ত সকল কার্যক্রম লিমার মাধ্যমে সম্পাদন করতে হবে।<br><br>খ) ম্যানুয়াল এবং লিমার মাধ্যমে লাইসেন্স, লে-আউট, নবায়ন, পরিদর্শন সংক্রান্ত সকল কার্যক্রম যথাযথভাবে সংশ্লিষ্ট লিংকের মধ্যে ইনপুট প্রদান এবং পরবর্তী সভায় অগ্রগতি উপস্থাপন করতে হবে।<br><br>গ) যুগ্ম-মহাপরিদর্শক (সেইফটি অধিশাখা)-কে লিমা অ্যাপসের ক্ষেত্রে কারিগরি সহায়তা প্রদানের নিমিত্ত সফটওয়্যার কোম্পানি টেকনোভিস্তা-এর সাথে চুক্তির মেয়াদ বৃদ্ধির জন্য GIZ-এর নিকট অনুরোধপত্র প্রেরণের জন্য প্রয়োজনীয় উদ্যোগ</td><td>১। যুগ্মমহাপরিদর্শক (সাধারণ)<br><br>২। উপমহাপরিদর্শক (সেইফটি)<br><br>৩। উপমহাপরিদর্শক (মনিটরিং ও মূল্যায়ন শাখা)<br><br>৪ উপমহাপরিদর্শক (সকল জেলা)<br><br>৪। LIMA সাপোর্ট টিম</td></tr>
</table>

<table>
<tr><th>ক্র. নং</th><th>আলোচ্য বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td>০১</td><td>০২</td><td>০৩</td><td>০৪</td><td>০৫</td></tr>
<tr><td></td><td></td><td>নিকট অনুরোধপত্র প্রেরণের জন্য যুগ্ম-মহাপরিদর্শক (সেইফটি অধিশখা)-কে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের নিমিত্ত অনুরোধ করেন।</td><td>গ্রহণ করবেন এবং পরবর্তী সভায় অগ্রগতি উপস্থাপন করবেন।</td><td></td></tr>
<tr><td>৬।</td><td>শিশুশ্রম নিরসন</td><td>সভাপতি শ্রম হতে নিরসনকৃত শিশুর সংখ্যাগত তথ্য (মোবাইল নাম্বারসহ) জানতে চাইলে যুগ্মমহাপরিদর্শক (স্বাস্থ্য) বলেন, ২০২২-২৩ অর্থবছর জুলাই, ২০২২ হতে মে, ২০২৩ পযন্ত নিরসনকৃত শিশুর সংখ্যা ৩,৩৯৪ জন যা এপিএ'র লক্ষ্যমাত্রা ২৫০০ জনের অধিক। মে, ২০২৩ মাসে নিরসনকৃত শিশুর সংখ্যা ১৮২ জন।<br><table>
<tr><th>APA লক্ষ্যমাত্রা</th><th>অর্জন</th><th>হার</th><th>৩১ কার্যালয়ের লক্ষ্য মাত্রা</th><th>অর্জন</th><th>হার</th></tr>
<tr><td>২৫০০</td><td>৩৩৯৪</td><td>১৩৫.৭৬%</td><td>৩২৬৫</td><td>৩৩৯৪</td><td>১০৪%</td></tr>
</table><br>সভাপতি শ্রম হতে নিরসনকৃত যেসকল শিশুর মোবাইল নম্বর আছে কেবল সেকল শিশুর তথ্য উপস্থাপন করার এবং পরবর্তী সভায় অগ্রগতি উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন।</td><td>শ্রম হতে নিরসনকৃত শিশুর সংখ্যাগত তথ্য (মোবাইল নাম্বারসহ) ৩১টি কার্যালয় হতে সংগ্রহ করতে হবে এবং শ্রম হতে নিরসনকৃত যেসকল শিশুর মোবাইল নম্বর আছে কেবল সেকল শিশুর তথ্য যুগ্ম-মহাপরিদর্শক (স্বাস্থ্য)-কে পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।</td><td>যুগ্মমহাপরিদর্শক (স্বাস্থ্য)</td></tr>
<tr><td>৭।</td><td>বাজেট বরাদ্দ</td><td>ক) সভাপতি উপমহাপরিদর্শকের কার্যালয়সমূহের অনুকূলে বাজেট যথাযথভাবে PPA-২০০৬ এবং PPR-২০০৮ অনুসরণপূর্বক ব্যয় করার বিষয়ে নির্দেশনা প্রদান করেন।<br><br>খ) সভাপতি বলেন প্রধান কার্যালয়ের মনিটরিং টিম বাজেট বরাদ্দ অনুযায়ী ব্যয় নিশ্চিত করার ক্ষেত্রে কার্যালয় পরিদর্শনপূর্বক পরিদর্শন প্রতিবেদনে উল্লেখ করার নির্দেশনা প্রদান করেন।</td><td>ক) সকল উপমহাপরিদর্শকের কার্যালয়ের অনুকূলে বরাদ্দকৃত বাজেট সরকারি অনুশাসন মোতাবেক ব্যয় করতে হবে।<br><br>খ) প্রধান কার্যালয়ের মনিটরিং টিম বাজেট বরাদ্দ অনুযায়ী ব্যয় নিশ্চিত করার ক্ষেত্রে কার্যালয় পরিদর্শনপূর্বক পরিদর্শন প্রতিবেদনে তা উল্লেখ করবেন।</td><td>১। যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন অধিশাখা)<br>২। উপমহাপরিদর্শক (মনিটরিং ও মূল্যায়ন শাখা)<br>৩। উপমহাপরিদর্শক (অর্থ ও হিসাব শাখা)<br>৪। মনিটরিং টিমের সদস্যবৃন্দ<br>৫। উপমহাপরিদর্শক (সকল জেলা)</td></tr>
</table>

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| ৮। | মনিটরিং টিম-এর কার্যক্রম | ক) উপমহাপরিদর্শক (মনিটরিং ও মূল্যায়ন শাখা) সভায় জানান ২৪/০১/২০২৩ খ্রি: তারিখের কার্যকর মনিটরিং পরিদর্শনের লক্ষ্যে প্রধান কার্যালয়ে ৫টি অধিশাখা হতে মোট ১০টি মনিটরিং টিম গঠনের উদ্দেশ্যে ২৪/০১/২০২৩ খ্রি: তারিখে ৪০.০১.০০০০.১০১.১৮.০০১.২১.৪৯ নং স্মারকে অফিস আদেশ জারী করা হয়েছে। বর্তমানে মনিটরিং টিমসমূহের কার্যক্রম চলমান রয়েছে। মহাপরিদর্শক মহোদয়ের নির্দেশনামতে, মনিটরিং টিমসমূহের দাখিলকৃত পরিদর্শন প্রতিবেদনে লিমার মাধ্যমে নতুন লাইসেন্স প্রদান, লাইসেন্স নবায়ন, লে-আউট প্ল্যান অনুমোদন, পরিদর্শন এবং পরিদর্শন প্ল্যান অনুমোদন ইত্যাদি বিষয় উল্লেখ করেছেন। এছাড়া জেলা কার্যালয়ের আর্থিক ব্যবস্থাপনা ও বাজেট বিষয়াদি প্রতিবেদনে উল্লেখ করা হচ্ছে।<br><br>খ) ২৪/০১/২০২৩ খ্রি: তারিখের ৪০.০১.০০০০.১০১.১৮.০০১.২১.৪৯ নং স্মারকে গঠিত প্রধান কার্যালয়ের ১০টি মনিটরিং টিমের মধ্যে ১০টি টিম (জানুয়ারী-জুন/২০২৩) লক্ষ্যমাত্রা অনুযায়ী ১০টি উপমহাপরিদর্শকের কার্যালয় পরিদর্শন সম্পন্ন করেছে এবং ৮টি পরিদর্শন প্রতিবেদন দাখিল করেছে।<br><br>সভাপতি লক্ষ্যমাত্রা অনুযায়ী সংশ্লিষ্টদেরকে পরিদর্শন কার্যক্রম অব্যাহত রাখতে এবং প্রতিবেদন যথাসময়ে দাখিল করার নির্দেশনা প্রদান করেন। | প্রধান কার্যালয়ের নবগঠিত মনিটরিং টিমসমূহের লক্ষ্যমাত্রা অনুযায়ী পরিদর্শন কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং প্রতিবেদন যথাসময়ে দাখিল করতে হবে। উপমহাপরিদর্শক (মনিটরিং ও মূল্যায়ন শাখা)-কে পরবর্তী সভায় অগ্রগতি উপস্থাপন করতে হবে। | ১। উপমহাপরিদর্শক (মনিটরিং ও মূল্যায়ন শাখা)<br><br>২। মনিটরিং টিমের সদস্যবৃন্দ |
| ৯। | বিডার সমন্বিত পরিদর্শন পরবর্তী ১ম পর্যায়ে ৫২০৬টি কারখানার CAP বাস্তবায়ন সংক্রান্ত তথ্য | সভাপতি বিডার সমন্বিত পরিদর্শন পরবর্তী ১ম পর্যায়ে ৫২০৬টি কারখানার CAP বাস্তবায়ন সংক্রান্ত তথ্য জানতে চাইলে যুগ্মমহাপরিদর্শক (অর্থ ও পরিকল্পনা অধিশাখা) বলেন, ১ম পর্যায়ে ৫২০৬ টি কারখানা পরিদর্শন সম্পন্ন হয়েছে। জাতীয় কমিটির সিদ্ধান্ত অনুযায়ী ২৫% বা এর নিচে নম্বর প্রাপ্ত ২১ টি কারখানাকে ৯০ দিন সময় দেয়া হয়েছে এবং ২৫% এর উর্দ্ধে কিন্তু ৫০% এর নিম্নে নম্বর প্রাপ্ত ৮৫টি কারখানাকে ১৮০ দিন সময় দেয়া হয়েছে। বাকি সকল কারখানাকে ৩৬৫ দিন সময় দেয়া হয়েছে। উপমহাপরিদর্শকের কার্যালয় থেকে এ পর্যন্ত ২৫% বা এর নিচে নম্বর প্রাপ্ত ২১ টি কারখানা ও ৫০% এর নিচে নম্বরপ্রাপ্ত ৮৫টি কারখানাকে ক্যাপ ডাকযোগে প্রেরণ করা হয়েছে এবং হার্ডকপিতে রিসিভিং গ্রহণ করা হয়েছে। বাকি ৫১০০ টি কারখানার মধ্যে ২৫২৮টি ক্যাপ www.ciams.org এ অনুমোদন হয়েছে এবং এগুলো ডাকযোগে প্রেরণ এবং হার্ডকপিতে রিসিভিং গ্রহণের কাজ চলছে। বাকি ক্যাপগুলো তৈরীর করে অনুরূপ কাজ দ্রুততম সময়ে করা হবে। সভাপতি | অতি দ্রুত অবশিষ্ট ক্যাপ জেনারেট করে সংশ্লিষ্ট সকলকে কার্যক্রম সম্পন্ন করতে হবে এবং পরবর্তী সভায় অগ্রগতি উপস্থাপন করতে হবে। | ১। যুগ্মমহাপরিদর্শক (অর্থ ও পরিকল্পনা অধিশাখা)<br><br>২। উপমহাপরিদর্শক (মনিটরিং ও মূল্যায়ন শাখা) |

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| | | অতি দ্রুত অবশিষ্ট ক্যাপ জেনারেট করার জন্য সংশ্লিষ্ট সবাইকে অনুরোধ করেন। | | |
| ১০। | বিডার সমন্বিত পরিদর্শন ও পর্যবেক্ষণ কার্যক্রম | সভাপতি বিডার সমন্বিত পরিদর্শন ও পর্যবেক্ষণ কার্যক্রম সম্পর্কে জানতে চাইলে যুগ্মমহাপরিদর্শক (অর্থ ও পরিকল্পনা অধিশাখা) বলেন, ১ ফেব্রুয়ারি, ২০২৩ তারিখে সুরক্ষা সেবা বিভাগে অনুষ্ঠিত জাতীয় কমিটির ২য় সভায় বাজেট প্রাপ্তি সাপেক্ষে সমন্বিত কলকারখানা পরিদর্শন কার্যক্রমের ২য় পর্যায়ে ১০,০০০ টি শিল্প-কলকারখানা পরিদর্শনসহ চলমান পরিদর্শন কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। কিন্তু ২য় পর্যায়ের পরিদর্শন কার্যক্রম সম্পাদনের জন্য ১ কোটি ৫০ লাখ টাকা বাজেট অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় হতে পাওয়া গিয়েছে। এই বাজেটে ১০৮ টি টিম কর্তৃক ৫০০০ টি কারখানা পরিদর্শন সম্ভব হতে পারে। সেজন্য সমন্বিত পরিদর্শন কার্যক্রমের দ্বিতীয় পর্যায়ের পরিদর্শন কার্যক্রমের প্রস্তুতি পর্যালোচনার জন্য আয়োজিত মনিটরিং কমিটির ১৯ মার্চ, ২০২৩ খ্রিঃ সভায় ৫০০০ টি কারখানা পরিদর্শন করা হবে সিদ্ধান্ত গৃহীত হয়। গত ২৭ মার্চ ২০২৩ তারিখে পুনর্গঠিত ১০৮ টি টিমের প্রজ্ঞাপন হয় এবং ০৬/০৪/২০২৩ তারিখে চট্টগ্রাম চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিতে চট্টগ্রাম বিভাগের ১৮ টি টিম (টিম নং- ২৮-৪৩, ৮৮-৮৯) ও সিলেট বিভাগের ০৪ টি টিম ( টিম নং ৭২-৭৫) মোট= ২২ টি, রাজশাহী চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, চেম্বার ভবন, স্টেশন রোড, রাজশাহী-৬১০০ তে রাজশাহী বিভাগের ১৫ টি টিম (টিম নং- ৪৪-৫৮) ও রংপুর বিভাগের ০৬ টি টিম (টিম নং ৯৩-৯৮) মোট= ২১ টি, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ এর মাল্টিপারপাস হল রুম, বিনিয়োগ ভবন, প্লট নং-ই-৬/বি, আগারগাঁও, শের-এ-বাংলা নগর, ঢাকা-১২০৭ এ ঢাকা বিভাগের মোট ৪২ টি টিম (ঢাকা- ১-১৫, নারায়ণগঞ্জ ১৬-২৪, গাজীপুর- ২৫-২৭, নরসিংদী- ৭৬-৮১, টাঙ্গাইল ৮২-৮৪, মানিকগঞ্জ- ৮৫, কিশোরগঞ্জ ৮৬-৮৭, মুন্সিগঞ্জ-৯০, ফরিদপুর- ৯১, ৯২, মোট=৪২ টি টিম, জেলা পরিষদের সভাকক্ষ, ময়মনসিংহ এ ময়মনসিংহ বিভাগের ১০ টি টিম( টিম নং-৯৯-১০৮), সি এস এস আভা সেন্টার, খুলনা এ খুলনা বিভাগের ১০ টি টিম (টিমনং- ৫৯-৬৮) ও বরিশাল বিভাগের ০৩ টি টিম ( টিম নং-৬৯-৭১), মোট=১৩ টি টিমের সমন্বিত পরিদর্শন ও সংশোধনমূলক কর্মপরিকল্পনা (CAP) প্রস্তুতি বিষয়ক প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। ২৭ মার্চ ২০২৩ তারিখের প্রজ্ঞাপন এর লক্ষ্যমাত্রা অনুযায়ী আগামী ১০ জুন ২০২৩ এর মধ্যে পরিদর্শন সম্পন্নের জন্য নির্দেশনা মোতাবেক পরিদর্শন কার্যক্রম শেষ পর্যায়ে রয়েছে। অদ্যাবধি | ১০ জুলাই, ২০২৩ তারিখের মধ্যে বিডার অবশিষ্ট সমন্বিত পরিদর্শন, পর্যবেক্ষণ ও প্রতিবেদনের কার্যক্রম সম্পন্ন করতে হবে এবং পরবর্তী সভায় অগ্রগতি উপস্থাপন করতে হবে। | ১। যুগ্মমহাপরিদর্শক (অর্থ ও পরিকল্পনা অধিশাখা)<br><br>২। উপমহাপরিদর্শক (মনিটরিং ও মূল্যায়ন শাখা) |

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| | | www.ciams.org অনুযায়ী ৩৭৯২ টি কারখানা পরিদর্শন করা হয়েছে। গত ১২ জুন ২০২৩ তারিখ ঢাকা, নারায়ণগঞ্জ, গাজীপুর ও চট্টগ্রাম জেলার ৩৮ টি সমন্বিত পরিদর্শন ও পর্যবেক্ষন টিমের সদস্য সচিব ও প্রধান কার্যালয়ের সমন্বিত পরিদর্শন সংক্রান্ত সমন্বয় সেলের কর্মকর্তাদের নিয়ে CIAMS সফটওয়্যারে ডাটা ইনপুট সংক্রান্ত প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। সভাপতি আগামী সমন্বয় সভার পূর্বেই অবশিষ্ট কারখানার তথ্য জেনারেট করে কার্যক্রম সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। | | |
| ১১। | বহুতল মার্কেট পরিদর্শন | সভাপতি বহুতল মার্কেট পরিদর্শন কার্যক্রম সম্পর্কে জানতে চাইলে যুগ্মমহাপরিদর্শক (অর্থ ও পরিকল্পনা অধিশাখা) বলেন, সুরক্ষা সেবা বিভাগের ২২ ফেব্রুয়ারি ২০২২ তারিখের নির্দেশনা প্রেক্ষিতে ঢাকা শহরের বহুতল বাণিজ্যিক ভবনসমূহের মধ্যে তালিকা করে ১০৭২ টি ভবন পরিদর্শনের জন্য নির্বাচন করা হয়েছে। বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের ১৯ অক্টোবর ২০২২ তারিখের সংশোধিত প্রজ্ঞাপন অনুযায়ী ঢাকা জেলার উত্তর ও দক্ষিন সিটি কর্পোরেশন পুরাতন বহুতল বাণিজ্যিক ভবন (মার্কেট) পরিদর্শনের জন্য ১১ টি সমন্বিত পরিদর্শন ও পর্যবেক্ষন টিম গঠন করা হয়। ১১ টি সমন্বিত পরিদর্শন ও পর্যবেক্ষন টিম (মার্কেট) এর আহ্বায়ক ও সদস্য সচিবদের নিয়ে গত ০৮/০৫/২০২৩ তারিখে সম্মানিত মহাপরিদর্শক মহোদয়ের সভাপতিত্বে অত্র দপ্তরের সম্মেলন কক্ষে একটি সভা অনুষ্ঠিত হয়। এছাড়াও গত ০৭ জুন ২০২৩ তারিখ বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের সম্মানিত নির্বাহী সদস্য ও সমন্বিত পরিদর্শন কার্যক্রমের প্রধান সমন্বয়ক জনাব অভিজিৎ চৌধুরী মহোদয়ের সভাপতিত্বে বিডা সভাকক্ষে উক্ত ১১ টি সমন্বিত পরিদর্শন ও পর্যবেক্ষন টিমের আহ্বায়ক ও সদস্য সচিব এবং বিডার পরিদর্শন কার্যক্রম সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিয়ে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত দুই সভায় ১২ জুন ২০২৩ তারিখের মধ্যে প্রত্যেকটি টিম কর্তৃক ১৫ টি কারখানা পরিদর্শন করার জন্য নির্দেশনা দেয়া হয়। অদ্যাবধি ১১ টি টিম কর্তৃক ১৩৩ টি মার্কেট পরিদর্শন করা হয়েছে এবং ৩০ টি প্রতিবেদন সাবমিট করা হয়েছে। সভাপতি অবশিষ্ট মার্কেট পরিদর্শনপূর্বক প্রতিবেদন তৈরি এবং দাখিলের জন্য সংশ্লিষ্ট উপমহাপরিদর্শক এবং টিমের সদস্য সচিবগণকে অনুরোধ করেন। | সংশ্লিষ্ট উপমহাপরিদর্শক এবং টিমের সদস্য সচিবগণকে অবশিষ্ট মার্কেট পরিদর্শনপূর্বক প্রতিবেদন তৈরি এবং দাখিল করতে হবে এবং পরবর্তী সভায় তথ্য উপস্থাপন করতে হবে। | ১। অতিরিক্ত মহাপরিদর্শক, ২। যুগ্মমহাপরিদর্শক (সকল) ৩। উপমহাপরিদর্শক (মনিটরিং ও মূল্যায়ন শাখা) ৪। পরিদর্শন টিমের সদস্য সচিব |

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| ১২। | Industrial safety unit (ISU) | সভাপতি ইউরোপিয় ইউনিয়নের এ্যাকশন প্ল্যান (২০২১-২০২৬) ক্যাটাগরি-১ ভুক্ত কারখানার অগ্রগতি জানতে চাইলে যুগ্মমহাপরিদর্শক (সেইফটি) জানান যে, ক্যাটাগরি-১ ভুক্ত ১৭৩টি কারখানার মধ্যে CAP completion সনদ প্রদান করা হয়েছে ৪১টিতে, বন্ধ আছে ৩৩টি এবং ১১টি কারখানার UD বাতিল করার জন্য BGMEA কে পত্র প্রেরণ করা হয়েছে। অবশিষ্ট ৮৮টি কারখানার পরিদর্শন ইতিমধ্যে সম্পন্ন হয়েছে। সভাপতি কার্যক্রম অব্যাহত রাখার এবং পরবর্তী সভায় অগ্রগতি উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন। | ইউরোপিয় ইউনিয়নের এ্যাকশন প্ল্যান (২০২১-২০২৬) ক্যাটাগরি-১ ভুক্ত কলকারখানা পরিদর্শন করতে হবে এবং কারখানাগুলোর CAP Completion সনদ প্রদানের অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | ১। যুগ্মমহাপরিদর্শক (সেইফটি)<br>২। সংশ্লিষ্ট উপমহাপরিদর্শকগণ<br>৩। জনাব মো: আকিদ- উল- হাসান, সহকারী মহাপরির্শক (সেইফটি শাখা) |
| ১৩। | SDG বিষয়ক কার্যক্রম | সভাপতি SDG বিষয়ক কার্যক্রমের অগ্রগতি জানতে চাইলে উপমহাপরিদর্শক (স্বাস্থ্য) বলেন, SDG বিষয়ক কার্যক্রম অব্যাহত রয়েছে। SDG ট্র্যাকারে ডাটা প্রদান, SDG বিষয়ক উদ্বুদ্ধকরণ সভা আয়োজন, দুর্ঘটনা হ্রাসকরণে লিফটলেট বিতরণ ইত্যাদি কার্যক্রম সম্পাদন করা হয়েছে। সভাপতি SDG বিষয়ক কার্যক্রম অব্যাহত রাখার এবং কার্যালয় ভিত্তিক অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন। | SDG বিষয়ক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। এছাড়া কার্যালয় ভিত্তিক সভার তারিখ নির্ধারণপূর্বক সভা যথাযথভাবে আয়োজন করতে হবে। SDG বিষয়ক কার্যক্রমের অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | ১। উপমহাপরিদর্শক (স্বাস্থ্য)<br>২। জনাব মনোয়ার হোসেন পরিসংখ্যান ও গবেষণা কর্মকর্তা |
| ১৪। | ক্রাইসিস ম্যানেজমেন্ট কমিটির কার্যক্রম | ক) সভাপতি ক্রাইসিস ম্যানেজমেন্ট কমিটির কার্যক্রম সম্পর্কে জানতে চাইলে উপমহাপরিদর্শক (মনিটরিং ও মূল্যায়ন শাখা) সভাকে জানান যে, জেলা প্রশাসক মহোদয়ের সভাপতিত্বে আঞ্চলিক ক্রাইসিস প্রতিরোধ কমিটির সভা গাজীপুর ও চট্টগ্রাম জেলায় অনুষ্ঠিত হয়েছে কিন্তু অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। এছাড়া জেলা শ্রম ক্রাইসিস প্রতিরোধ কমিটির সভা সভা উপমহাপরিদর্শকের কার্যালয় টাঙ্গাইল, জামালপুর, ফরিদপুর, পাবনা, মানিকগঞ্জ, ফেনী ও জয়পুরহাটে অনুষ্ঠিত হয়েছে কিন্তু অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাওয়া যায়নি।<br><br>খ) নবগঠিত ৮টি জেলা সহ সকল উপমহাপরিদর্শকের কার্যালয়ে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ে শ্রম শাখার ২৪/১০/২০২২ খ্রি: তারিখের প্রজ্ঞাপন অনুসারে ক্রাইসিস কমিটির সভা আহবানের জন্য বিগত ৪০.০১.০০০০.১০২.০৬.০১৩.২১.৭৯ নং স্মারকে ০৭/০৩/২০২৩ খ্রি: তারিখে পত্র প্রেরণ করা হয়েছে।<br><br>গ) ক্রাইসিস প্রতিরোধ কমিটির সভা অনুষ্ঠানের তথ্যের ছক সংযুক্তিমতে উপস্থাপন করা হয়। | ক) উপমহাপরিদর্শক (মনিটরিং ও মূল্যায়ন শাখা) ৩১টি উপমহাপরিদর্শকের কার্যালয়ের ক্রাইসিস ম্যানেজমেন্ট কমিটির সভা নিয়মিত হয় কিনা সে বিষয়ে তদারকি করবেন এবং সভা হলে সভায় গৃহীত গুরুত্বপূর্ণ আলোচনাসমূহ সভায় উপস্থাপন করবেন।<br><br>খ) ৬৪টি জেলায় ক্রাইসিস কমিটির সভা অনুষ্ঠিত হয় কিনা তার তথ্য ৩১টি কার্যালয়ের মাধ্যমে সংগ্রহপূর্বক যেসকল জেলায় সভা অনুষ্ঠিত হয়না সেসকল জেলায় যাতে সভা হয় তার তথ্য মন্ত্রণালয়কে অবগত করতে হবে এবং সভা আয়োজনের জন্য মন্ত্রণালয় কর্তৃক পত্র প্রেরণের জন্য উপমহাপরিদর্শক (মনিটরিং ও | ১। অতিরিক্ত মহাপরিদর্শক<br>২। যুগ্মমহাপরিদর্শক (সাধারণ)<br>৩। উপমহাপরিদর্শক (মনিটরিং ও মূল্যায়ন শাখা) |

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| | | ঘ) গত ২৮ মে, ২০২৩ খ্রি: অতিরিক্ত মহাপরিদর্শক মহোদয়ের সভাপতিত্বে সকল উপমহাপরিদর্শকের (৩১ জেলা) অংশগ্রহণে প্রধান কার্যালয়ের সভা কক্ষে ক্রাইসিস কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে।<br><br>ঙ) আসন্ন ঈদুল আযহা, ২০২৩ উপলক্ষে আরএমজি/নন-আরএমজিসহ বিভিন্ন সেক্টরে শ্রম পরিস্থিতির তথ্য সংগ্রহের জন্য কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের, প্রধান কার্যালয়ে (**কেন্দ্রীয় নিয়ন্ত্রণ কক্ষ**) স্থাপন করা হয়েছে এবং নিয়মিত তদারকি করা জন্য কর্মকর্তা/কর্মচারীদের মধ্যে দায়িত্ব অর্পণ করা হয়েছে। আসন্ন ঈদুল আযহা, ২০২৩ উপলক্ষে সারাদেশে বিভিন্ন কলকারখানার শ্রম অসন্তোষ নিরসনের জন্য সকল উপমহাপরিদর্শকের কার্যালয়কে এ সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও কন্ট্রোল রুম স্থাপনের জন্য পত্র প্রেরণ করা হয়েছে।<br><br>সভাপতি ক্রাইসিস ম্যানেজমেন্ট কমিটির কার্যক্রম অব্যাহত রাখার নির্দেশনা প্রদান করেন। | মূল্যায়ন শাখা)-কে পত্র প্রদান করতে হবে।<br><br>গ) উপমহাপরিদর্শক (মনিটরিং ও মূল্যায়ন শাখা)-কে ক্রাইসিস ম্যানেজমেন্ট কমিটির সভা অনুষ্ঠিতের তথ্য ছক আকারে প্রতিটি সভায় উপস্থাপন করতে হবে।<br><br>ঘ) অতিরিক্ত মহাপরিদর্শকের সভাপতিত্বে গঠিত শ্রম অসন্তোষ নিরসনে ক্রাইসিস ম্যানেজমেন্ট সংক্রান্ত কমিটির কার্যক্রম পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | |
| ১৫। | শুদ্ধাচার | সভাপতি ২০২২-২৩ অর্থবছরের শুদ্ধাচার কাঠামোর অন্তর্ভুক্ত সকল সূচকে উপমহাপরিদর্শকের কার্যালয়সমূহের অর্জন জানতে চাইলে ফোকাল পয়েন্ট কর্মকর্তা উপমহাপরিদর্শক (স্বাস্থ্য) বলেন, প্রমাণকসহ শতভাগ লক্ষ্যমাত্রা অর্জন করার জন্য কার্যক্রম অব্যাহত রয়েছে। সভাপতি কার্যক্রম অব্যাহত রাখার নির্দেশনা প্রদান করেন। | ২০২২-২৩ অর্থবছরের শুদ্ধাচার কাঠামোর অন্তর্ভুক্ত সকল সূচকে উপমহাপরিদর্শকের কার্যালয়সমূহকে প্রমাণকসহ শতভাগ লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে। | ১। উপমহাপরিদর্শক (স্বাস্থ্য)<br><br>২। উপমহাপরিদর্শক (সকল) |
| ১৬। | আহত/নিহত শ্রমিকের অনুদান প্রাপ্তি | সভাপতি আহত/নিহত শ্রমিকের অনুদান প্রাপ্তির তথ্য সভায় উপস্থাপন করতে বললে উপমহাপরিদর্শক (মনিটরিং ও মূল্যায়ন শাখা) বলেন,<br>• বগুড়ায় ১৪/১২/২০২১ খ্রি: তারিখে বি আই আর এস প্লাস্টিক ইন্ডাস্ট্রিজ লিমিটেড এর দূর্ঘটনায় তালিকাভুক্ত ০৫ (পাঁচ) জন শ্রমিক কর্মরত অবস্থায় দূর্ঘটনাজনিত কারণে মৃত্যুবরণ করায় মৃতদেহ পরিবহন ও সৎকার পরবর্তী সময়ে আর্থিক সহয়তার উদ্দেশ্যে বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনের শ্রমিক কল্যাণ তহবিল হতে আর্থিক সহায়তার আবেদন করেন। উক্ত আবেদনপত্র ও সংশ্লিষ্ট কাগজপত্র প্রয়োজনীয় কার্যার্থে ৪০.০১.০০০০.১০২.৩৭.০০৯.১৭.২৩৪ নং স্মারকের ২৭ জানুযারী, ২০২২ খ্রি: তারিখে শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনে প্রেরণ করা হয়। | আহত/নিহত শ্রমিকের অনুদান প্রাপ্তির হালনাগাদ তথ্য পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | ১। উপমহাপরিদর্শক (মনিটরিং ও মূল্যায়ন শাখা) |

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| | | • মুন্সিগঞ্জে ২০/০৯/২০২৭ খ্রি: তারিখে আইডিয়াল টেক্সটাইল মিলস লি: লিমিটেড এর দূর্ঘটনায় তালিকাভুক্ত ০৫ (পাঁচ) জন শ্রমিক কর্মরত অবস্থায় দূর্ঘটনাজনিত কারণে মৃত্যুবরণ করায় মৃতদেহ পরিবহন ও সৎকার পরবর্তী সময়ে আর্থিক সহয়তার উদ্দেশ্যে বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনের শ্রমিক কল্যাণ তহবিল হতে আর্থিক সহায়তার আবেদন করেন। উক্ত আবেদনপত্র ও সংশ্লিষ্ট কাগজপত্র প্রয়োজনীয় কার্যার্থে শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনে প্রেরণ করা হয়।<br>• সীমা অক্সিজেন লিমিটেড, কদমরসুল, সীতাকুন্ড, চট্রগ্রাম দূর্ঘটনায় ২৭ জন আহত ও নিহত ৭ জন শ্রমিককে শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনের মাধ্যমে মোট ২৭ লক্ষ ৫০,০০০ হাজার টাকা সহায়তা প্রদান করা হয়েছে।<br>• শিরিন ম্যানসন, সাইন্সল্যাব, নিউমার্কেট, ঢাকা দূর্ঘটনায় ৯ জন আহত ও নিহত ৪ জন শ্রমিককে শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনের মাধ্যমে মোট ১২ লক্ষ ৫০ হাজার টাকা সহায়তা প্রদান করা হয়েছে।<br>• ক্যাফে কুইন, সিদ্দিক বাজার, বংশাল, ঢাকা দূর্ঘটনায় ৩৬ জন আহত ও ২১ জন শ্রমিক নিহত হয়। ১৭টি চেক আহত শ্রমিকদের মধ্যে বিতরণের জন্য মন্ত্রনালয় থেকে ঢাকা কার্যালয়ে প্রেরণ করা হয়। প্রাপ্ত ১৭টি চেকের মধ্যে ১৫টি চেকের মাধ্যমে ১৫জন আহত শ্রমিককে ৭ লক্ষ ৫০ হাজার টাকা সহায়তা প্রদান করা হয়েছে। বাকী ২টি চেকে নামের ভুলের কারণে মন্ত্রনালয়ে সংশোধণের জন্য ফেরত পাঠানো হয়েছে। নিহত ২১ জন শ্রমিক ও আহত বাকী ১৯ জনের তালিকা প্রস্তুত করে ঢাকা কার্যালয় থেকে শ্রমিক কল্যান ফাউন্ডেশনে প্রেরণ করা হয়েছে।<br>• বঙ্গবাজার, ফুলবাড়ীয়া, ঢাকা অগ্নিকান্ডে ০৮ জন আহত হয়। উক্ত দূর্ঘটনায় ৪টি মার্কেট ক্ষতিগ্রস্ত হয়। স্থানীয় ব্যবসায়ীদের বক্তব্য অনুযায়ী ৪০০০ হাজার এর মত দোকান আগুনে ভস্মীভূত হয়।<br>সভাপতি আহত/নিহত শ্রমিকের অনুদান প্রাপ্তির হালনাগাদ তথ্য পরবর্তী সভায় উপস্থাপন করার নির্দেশনা প্রদান করেন। | | |
| ১৭। | ইপিজেড এবং এসইপিজেড পরিদর্শন | সভাপতি ইপিজেড এবং এসইপিজেড পরিদর্শন সংক্রান্ত অগ্রগতি জানতে চাইলে উপমহাপরিদর্শক (মনিটরিং ও মূল্যায়ন শাখা) বলেন জেলা কার্যালয় হতে প্রাপ্ত ইপিজেড এবং এসইপিজেড পরিদর্শন প্রতিবেদনের তথ্য অনুযায়ী মে, ২০২৩ খ্রি: ইপিজেড ও এসইপিজেড এর কোন কারখানা পরিদর্শন হয়নি। সভাপতি ইপিজেড এবং এসইপিজেড-এর কারখানাসমূহ বিধি মোতাবেক পরিদর্শন করার জন্য সকল উপমহাপরিদর্শক কার্যালয়ের উপমহাপরিদর্শকগণকে | ইপিজেড এবং এসইপিজেড- এর কারখানাসমূহ নতুন ফরমেটে বিধি মোতাবেক পরিদর্শন করতে হবে এবং সংশ্লিষ্ট উপমহাপরিদর্শকের কার্যালয় ভিত্তিক পরিদর্শনের প্রতি মাসের তথ্য সঠিকভাবে পরবর্তী সভার পূর্বে প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে। | ১। উপমহাপরিদর্শক (সকল জেলা)<br>২। উপমহাপরিদর্শক (মনিটরিং ও মূল্যায়ন শাখা) |



৮০

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| | | নির্দেশনা প্রদান করেন এবং এ সংক্রান্ত তথ্য সঠিকভাবে সভায় উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন। | | |
| ১৮। | Task Force সভা | সভাপতি টাস্ক ফোর্স-এর অগ্রগতি জানতে চাইলে যুগ্মমহাপরিদর্শক (সেইফটি) বলেন, ইলেক্ট্রিক্যাল এর ৪০৩টি কারখানার ডিজাইন-ড্রয়িং জমা দিয়েছে, এর মধ্যে ১৫৫টি কারখানার ডিজাইন-ড্রয়িং টাস্কফোর্স হতে অনুমোদিত হয়েছে, ২৪৮টি কারখানার ডিজাইন-ড্রয়িং সংশোধন করে জমা দেয়ার জন্য কারখানা কর্তৃপক্ষকে ফেরত দেওয়া হয়েছে।<br><br>ফায়ার এর ৩৪৬টি কারখানার ডিজাইন-ড্রয়িং জমা দিয়েছে, এর মধ্যে ৯৬টি কারখানার ডিজাইন-ড্রয়িং টাস্কফোর্স হতে অনুমোদিত হয়েছে, ২৫০টি কারখানার ডিজাইন-ড্রয়িং সংশোধন করে জমা দেয়ার জন্য কারখানা কর্তৃপক্ষকে ফেরত দেওয়া হয়েছে।<br><br>স্ট্র্যাকচারাল এর ৩৬৪টি কারখানার ডিজাইন-ড্রয়িং জমা দিয়েছে, এর মধ্যে ১১১টি কারখানার ডিজাইন-ড্রয়িং টাস্কফোর্স হতে অনুমোদিত হয়েছে, ২৫৩টি কারখানার ডিজাইন-ড্রয়িং সংশোধন করে জমা দেয়ার জন্য কারখানা কর্তৃপক্ষকে ফেরত দেওয়া হয়েছে।<br><br>৩৯টি কারখানার সকল ডিজাইন-ড্রয়িং টাস্কফোর্স হতে অনুমোদিত হয়েছে। এছাড়া ৫৯টি কারখানার ২টি ডিজাইন-ড্রয়িং টাস্কফোর্স হতে অনুমোদিত হয়েছে এবং ১২৭টি কারখানার ১টি ডিজাইন-ড্রয়িং টাস্কফোর্স হতে অনুমোদিত হয়েছে। | ক) Task Force এর সদস্য সচিবগণ-কে ইলেকট্রিক্যাল, ফায়ার এবং স্ট্রাকচারাল বিষয়ক এই তিনটি Task Force- এর নিয়মিত সভা আহ্বান করতে হবে। এছাড়া তিনটি টাস্ক ফোর্সের কার্যক্রম পৃথক তিনটি ছকে বিস্তারিত (সংযুক্তিসহ) এবং সংক্ষিপ্ত আকারে (সংখ্যাভিত্তিক তথ্য কার্যপত্রে উপস্থাপনযোগ্য) পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।<br><br>খ) তিনটি Task Force-এর সকল তথ্য যুগ্মমহাপরিদর্শক (সেইফটি)-কে সমন্বয় করতে হবে। | ১। যুগ্মমহাপরিদর্শক (সেইফটি)<br><br>২। Task Force এর সদস্য সচিবগণ |

| ELECTRICAL | | | | | |
|---|---|---|---|---|---|
| DD STATUS | | APPROVAL | | RETURN FOR CORRECTION | |
| SUBMITTED | NOT SUBMITTED | YES | NO | YES | PENDING |
| 403 | 1146 | 155 | 248 | 248 | 0 |

| FIRE | | | | | |
|---|---|---|---|---|---|
| DD STATUS | | APPROVAL | | RETURN FOR CORRECTION | |
| SUBMITTED | NOT SUBMITTED | YES | NO | YES | PENDING |
| 346 | 1203 | 96 | 250 | 250 | 0 |

| STRUCTURE | | | | | |
|---|---|---|---|---|---|
| DD STATUS | | APPROVAL | | RETURN FOR CORRECTION | |
| SUBMITTED | NOT SUBMITTED | YES | NO | YES | PENDING |
| 364 | 1185 | 111 | 253 | 253 | 0 |

<table>
<tr><th>ক্র. নং</th><th>আলোচ্য বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td>০১</td><td>০২</td><td>০৩</td><td>০৪</td><td>০৫</td></tr>
<tr><td></td><td></td><td><table><tr><td>All Approved</td><td>39</td></tr><tr><td>2 Design Approved</td><td>59</td></tr><tr><td>1 Design Approved</td><td>127</td></tr></table><br>সভাপতি পরবর্তী সভায় অগ্রগতি উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন।</td><td></td><td></td></tr>
<tr><td>১৯।</td><td>মামলা সংক্রান্ত তথ্য</td><td>সভাপতি আদালত ভিত্তিক মামলার সংখ্যা অর্থাৎ কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর-এর পক্ষে ও বিপক্ষে এবং প্রত্যাহারকৃত শ্রম আদালত ভিত্তিক মামলার সংখ্যা যেমন-শ্রম আপিল ট্রাইব্যুনালে কয়টি, হাইকোর্ট বিভাগে কয়টি, লিভ টু আপিল, রিভিউ তে কয়টি মামলা, প্রশাসনিক ট্রাইব্যুনাল, আপিলেট ট্রাইব্যুনালে কয়টি মামলা আছে এবং তার মধ্যে কনটেম্পট অব কোর্ট মামলা আছে কিনা, তা ছক আকারে সভায় উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন।</td><td>আদালত ভিত্তিক মামলার সংখ্যা অর্থাৎ কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর এর পক্ষে ও বিপক্ষে এবং প্রত্যাহারকৃত শ্রম আদালত ভিত্তিক মামলার সংখ্যা যেমন-শ্রম আপিল ট্রাইব্যুনালে কয়টি, হাইকোর্ট বিভাগে কয়টি, লিভ টু আপিল, রিভিউ তে কয়টি মামলা, প্রশাসনিক ট্রাইব্যুনাল, আপিলেট ট্রাইব্যুনালে কয়টি মামলা আছে এবং তার মধ্যে কনটেম্পট অব কোর্ট মামলা আছে কিনা, তা ছক আকারে সভায় উপস্থাপন করতে হবে।</td><td>জনাব মোঃ মাছুম বিল্লাহ, আইন কর্মকর্তা</td></tr>
<tr><td>২০।</td><td>মামলার তথ্য ইনপুট</td><td>সভাপতি মামলা ব্যবস্থাপনা ও মনিটরিং-এর নিমিত্ত প্রস্তুতকৃত সফটওয়্যার বিষয়ক অগ্রগতি জানতে চাইলে যুগ্মমহাপরিদর্শক (অর্থ ও পরিকল্পনা অধিশাখা) বলেন, একটি সভা শ্রম ও কর্মসংস্থান মন্ত্রনালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে গত ০৪ জুন ২০২৩ তারিখে অনুষ্ঠিত হয়। সভায় প্রস্তুতকৃত সফটওয়্যারটি শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, শ্রম অধিদপ্তর ও অন্যান্য প্রতিনিধিদের নিকট উপস্থাপন করা হয়। সকলের সিদ্ধান্ত অনুযায়ী ডাইফের চলমান মামলাসমূহ সফটওয়্যারে ১৫ জুন ২০২৩ তারিখের মধ্যে ইনপুট প্রদান করতে বলা হয়েছে। ইতোমধ্যে ডাইফের ১,০০০ (এক হাজার)-এর অধিক চলমান মামলার তথ্যাদি ইনপুট প্রদান করা হয়েছে এবং অবশিষ্ট মামলার তথ্যাদি ইনপুট প্রদানের কার্যক্রম চলমান রয়েছে। শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, শ্রম অধিদপ্তর ও অন্যান্য প্রতিনিধিদের নিয়ে মামলার সফটওয়্যার বিষয়ক একটি প্রশিক্ষণ ২০ জুন ২০২৩ তারিখে প্রদান করা হয়েছে। সভাপতি ১৫ জুলাই, ২০২৩ তারিখের মধ্যে শ্রম আদালতে চলমান মামলার অন্তত্য ২৫% মামলার ইনপুট প্রদানের নিমিত্ত সংশ্লিষ্ট উপমহাপরিদর্শকগণকে অনুরোধ করেন।</td><td>১৫ জুলাই, ২০২৩ তারিখের মধ্যে শ্রম আদালতে চলমান মামলার তথ্য ইনপুট প্রদান করতে হবে এবং অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।</td><td>১। যুগ্মমহাপরিদর্শক (অর্থ ও পরিকল্পনা অধিশাখা)<br>২। জনাব মোঃ মাছুম বিল্লাহ, আইন কর্মকর্তা</td></tr>
</table>

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| ২১। | অডিট আপত্তি সংক্রান্ত | সভাপতি অডিট আপত্তি সংক্রান্ত অগ্রগতি জানতে চাইলে উপমহাপরিদর্শক (অর্থ ও হিসাব শাখা) সভাকে নিম্নোক্তভাবে তথ্য উপস্থাপন করেন :<br>➢ অডিট আপত্তির সংখ্যাঃ মোট-৩৭ টি, SFI: ১৬ টি ও Non-SFI: ২১ টি<br>➢ ১৯৭১ হতে ২০১২ সাল পর্যন্ত অডিট আপত্তির মধ্যে মে/২৩ মাস পর্যন্ত মোট ০৮ জন কর্মকর্তার নিকট হতে ৬০,২২০/৪২ টাকা আদায় করা হয়েছে।<br>➢ উক্ত ০৫ টি SFI অডিট আপত্তি নিষ্পত্তি লক্ষ্যে প্রমানকসহ ব্রডশীট জবাব প্রশাসনিক মন্ত্রণালয়ে ইতোমধ্যে প্রেরণ করা হয়েছে। উক্ত আপত্তিকৃত অর্থের মধ্যে ব্রডশীট জবাবের প্রেক্ষিতে বর্ণিত ০৬ জন কর্মকর্তার আপত্তির অংশ নিষ্পত্তি করা হয়েছে।<br>➢ শ্রম অধিদপ্তর হতে স্থায়ী ঠিকানাসহ প্রাপ্ত ০৪ জন কর্মকর্তার মধ্যে ০১ জন কর্মকর্তার ওয়ারিশের নিকট হতে ১৬,৬২৮/৪৮ টাকা আদায়পূর্বক সরকারী কোষগারে জমা প্রদান করা হয়েছে। অন্য ০১ জন কর্মকর্তার ওয়ারিশের সাথে ফোনে যোগাযোগ করা হয়েছে। অডিট আপত্তিকৃত অর্থ জমাদানের জন্য প্রেরণ করা হয়েছে।<br>➢ জনাব আব্দুস সাত্তার, প্রাক্তন উপ্রপধান পরিদর্শক, ঢাকা কার্যালয় এর ওয়ারিশগণের নামে পিডিআর আইনে মামলার কার্যক্রম গ্রহণ করা হয়েছে।<br>➢ Audit Management and Monitoring System 2.0 (AMMS-2.0) ওয়েব সফটওয়্যার ব্যবহারের বিষয়ে ৩১ টি কার্যালয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br>➢ বর্তমানে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের খুলনা, বগুড়া, ঢাকা, চট্টগ্রাম, গাজীপুর কার্যালয় এবং প্রধান কার্যালয়সহ মোট ০৭টি কার্যালয় হতে Audit Management and Monitoring System 2.0 (AMMS-2.0) ওয়েব সফটওয়্যারের মাধ্যমে ব্রডশীট জবাব প্রেরণের জন্য সার্বক্ষণিক যোগাযোগ করা হচ্ছে।<br>➢ 'জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট' শীর্ষক প্রকল্প এর অডিট | ক) অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তি করতে হবে পরবর্তী সভায় অগ্রগতি উপস্থাপন করতে হবে।<br>খ) আপত্তি নিষ্পত্তির ক্ষেত্রে প্রচলিত নিয়ম ও বিধি পালনপূর্বক অডিট আপত্তি রয়েছে এমন ব্যক্তিদের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে, অডিট আপত্তি আছে এমন ব্যক্তিদের নামে প্রয়োজনে সরকারি দাবি আদায়ে আইনের আওতায় বিধিগত ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>গ) অডিট আপত্তি নিষ্পত্তিতে প্রয়োজনে দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভা আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। যুগ্মমহাপরিদর্শক (অর্থ ও পরিকল্পনা অধিশাখা)<br>২। উপমহাপরিদর্শক (অর্থ ও হিসাব শাখা) |

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| | | আপত্তিসমূহের ব্রডশীট জবাব প্রদানের জন্য বর্তমান প্রকল্প পরিচালক মহোদয়কে পত্র প্রদান করা হয়েছে।<br><br>সভাপতি উপমহাপরিদর্শক (অর্থ ও হিসাব শাখা)-কে অডিট নিষ্পন্ন কার্যক্রম অব্যাহত রাখার এবং পরবর্তী সভায় অগ্রগতি উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন। | | |
| ২২। | আউটসোর্সিং লাইসেন্সের তথ্য | সভাপতি কার্যালয়ভিত্তিক আউটসোর্সিং লাইসেন্সের তালিকা প্রেরণ করা হয়েছে কিনা জানতে চাইলে সাধারণ শাখা হতে প্রাপ্ত তথ্যমতে সভাকে জানানো হয় ইতোমধ্যে তালিকা স্ব স্ব কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। তবে এতে উপমহাপরিদর্শক (সকল জেলা) দ্বিমত পোষণ করেন অর্থাৎ তাঁরা তালিকা পাননি মর্মে জানান। সভাপতি আগামী সভার পূর্বে তালিকা প্রেরণ করে সভাকে অবহিত করার নির্দেশনা প্রদান করেন। | কার্যালয়ভিত্তিক আউটসোর্সিং লাইসেন্সের তালিকা প্রস্তুতপূর্বক তা সংশ্লিষ্ট উপমহাপরিদর্শকের কার্যালয়ে দ্রুত সময়ের মধ্যে উপমহাপরিদর্শক (সাধারণ শাখা) প্রেরণ করবেন এবং পরবর্তী সভায় অগ্রগতি উপস্থাপন করতে হবে। | ১। যুগ্মমহাপরিদর্শক (সাধারণ)<br><br>২। উপমহাপরিদর্শক (সাধারণ) |
| ২৩। | ঠিকাদারী সংস্থার লাইসেন্স ডিজিটাইজেশন | সভাপতি ঠিকাদারী সংস্থার লাইসেন্স ডিজিটাইজেশন –এর অগ্রগতি জানতে চাইলে জনাব সাব্বির আনোয়ার জানান সফটওয়্যার ডেভেলপমেন্টের কাজ প্রাথমিকভাবে সম্পন্ন হয়েছে এবং পরীক্ষামূলকভাবে নিম্নোক্ত আইপি এড্রেসের মাধ্যমে লাইভে প্রদান করা হয়েছেঃ http://188.166.232.130। সাধারণ শাখার মতামত গ্রহণ করে সফটওয়্যারটিতে কিছু পরিবর্তন আনয়নের কাজ চলছে। সভাপতি পরবর্তী সভায় অগ্রগতি উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন। | ঠিকাদারী সংস্থার লাইসেন্স ডিজিটাইজেশন-এর কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। | অতিরিক্ত মহাপরিদর্শক |
| ২৪। | কর্মক্ষেত্রে ঝুঁকি নিরূপণ সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়ন | সভাপতি কর্মক্ষেত্রে ঝুঁকি নিরূপণ সংক্রান্ত বাস্তবায়ন কার্যক্রম জানতে চাইলে যুগ্মমহাপরিদর্শক (সেইফটি অধিশাখা) বলেন, কর্মক্ষেত্রে ঝুঁকি নিরূপণ কার্যক্রম বাস্তবায়ন বিষয়ক একটি গাইডলাইন প্রস্তুত করা হয়েছে। গাইডলাইন অনুমোদনের প্রশাসনিক সম্মতি প্রাপ্তির লক্ষ্যে মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। সভাপতি পরবর্তী সভায় অগ্রগতি উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন। | যুগ্মমহাপরিদর্শক (সেইফটি অধিশাখা)-কে কর্মক্ষেত্রে ঝুঁকি নিরূপণ কার্যক্রম বাস্তবায়ন বিষয়ক ড্রাফট দ্রুত সময়ের মধ্যে চূড়ান্ত করতে হবে এবং অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | যুগ্মমহাপরিদর্শক (সেইফটি অধিশাখা) |
| ২৫। | প্রকল্পসমূহ :<br><br>ক) ডাইফের আধুনিকায়ন ও শক্তিশালীকরণ এবং ১৩টি জেলা কার্যালয় স্থাপন (২য় সংশোধিত) প্রকল্প | ক) সভাপতি ডাইফের আধুনিকায়ন ও শক্তিশালীকরণ এবং ১৩টি জেলা কার্যালয় স্থাপন (২য় সংশোধিত) প্রকল্প-এর অগ্রগতি জানতে চাইলে প্রকল্প পরিচালকের নিকট হতে প্রাপ্ত তথ্যমতে সভাকে নিম্নোক্ত বিষয়সমূহ অবহিত করা হয় :<br><br>**১) ভূমি অধিগ্রহণ বিষয়ক অগ্রগতি :**<br><br>যশোর ও পাবনা জেলায় অধিগ্রহণের অর্থ ন্যস্ত করা হয়েছে। উক্ত দুই জেলায় অধিগ্রহণের কার্যক্রম খুব শীঘ্রই শেষ হয়ে ভবন নির্মাণের দরপত্র আহ্বান করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। | ক. প্রকল্প পরিচালক-কে পরবর্তী সভায় ডাইফের আধুনিকায়ন ও শক্তিশালীকরণ এবং ১৩টি জেলা কার্যালয় স্থাপন ২য় সংশোধিত) প্রকল্প যথাসময়ে শেষ করার জন্য কর্মপরিকল্পনা তৈরি করে পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। ২০২৩-২৪ অর্থবছরের বাজেট বরাদ্দ যথাযথভাবে ব্যয় নিশ্চিত করতে হবে। | ১। প্রকল্প পরিচালক,<br><br>ডাইফের আধুনিকায়ন ও শক্তিশালীকরণ এবং ১৩টি জেলা কার্যালয় স্থাপন (২য় সংশোধিত) প্রকল্প |

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| | | সিলেট ও নরসিংদী জেলায় নতুন করে ভূমি অধিগ্রহণের ক্ষেত্রে প্রযোজ্য পরিবেশগত ছাড়পত্রের জন্য অপেক্ষাধীন আছে। খুব শীঘ্রই পূর্নাঙ্গ অধিগ্রহণ প্রস্তাব প্রেরণ করা হবে।<br>দিনাজপুর জেলা প্রশাসনের কাছে নতুন জমি চেয়ে পত্র প্রেরণ করা হলেও উত্তর পাওয়া যায়নি।<br>টাঙ্গাইলের জন্য নতুন করে উদ্যোগ গ্রহণ করা হচ্ছে। কিশোরগঞ্জ ও মুন্সীগঞ্জের অধিগ্রহন কার্যক্রম আরও জোরদার করার প্রচেষ্টা গ্রহণ করা হচ্ছে।<br>**২) নির্মাণ কাজের অগ্রগতি :**<br>৬টি জেলায় উর্ধ্বমুখী সম্প্রসারণ কাজ চলতি মাসের মধ্যে শেষ করার জন্য এবং নতুন ৬টি জেলায় নতুন ভবন নির্মাণের নিমিত্তে আগষ্ট মাসের ২য় সপ্তাহের মধ্যে দরপত্র আহ্বানের জন্য গণপূর্ত অধিদপ্তরের সাথে নিবিড় যোগাযোগ রক্ষা করা হচ্ছে।<br>**৩) আর্থিক অগ্রগতি :**<br>চলতি অর্থ বছরে প্রকল্পের অনুকূলে আরএডিপিতে বরাদ্দ আছে ২১৫০র্থ কিস্তি ৪ লক্ষ টাকা। অর্থ বিভাগ কর্তৃক ০০. হাজার টাকা। এর মধ্যে ৫০.১৮২৭ পর্যন্ত ছাড় করা হয়েছে১৫ জুন পর্যন্ত ২০২৩ ,মোট ব্যয় হয়েছে ১৮১০৮৮. লক্ষ টাকা ব্যয় হয়েছে যা ;চলতি অর্থ বছরে অর্থ বিভাগ অনুমোদিত মোট বরাদ্দের ৯৯%১০.। সে অনুযায়ি ক্রমপুঞ্জিত )১৫ জুন২০২৩ , পর্যন্ত আর্থিক অগ্রগতি মোট (৩৪৭৫লক্ষ ৩৩. টাকা এবং ক্রমপূঞ্জিত আর্থিক অগ্রগতি ১২ এবং %০৭.ভৌত অগ্রগতি ২৮%২৫.। সভাপতি প্রকল্প পরিচালক এবং সংশ্লিষ্ট কার্যালয়ের উপমহাপরিদর্শকগণকে চলমান কার্যক্রম আন্তরিকভাবে চলমান রাখার জন্য অনুরোধ করেন। | | ২। প্রকল্প পরিচালক, "NOSHTRI" স্থাপন প্রকল্প<br>৩। জিআইজেড বিষয়ক প্রকল্প-এর ফোকাল পয়েন্ট কর্মকর্তা<br>৪। আইএলও-আরএমজি (২য় পর্যায়) প্রকল্প-এর ফোকাল পয়েন্ট কর্মকর্তা<br>৫। প্রকল্প পরিচালক, বাংলাদেশ লেবার ইনফরমেশন ম্যানেজমেন্ট সিস্টেম চালুকরণ (এলআইএমএস)<br>৬। উপমহাপরিদর্শক (সেইফটি)<br>৭। ডেনিশ প্রকল্প-এর ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| | খ) "NOSHTRI" স্থাপন প্রকল্প | খ) সভাপতি "NOSHTRI" স্থাপন প্রকল্প-এর অগ্রগতি জানতে চাইলে প্রকল্প পরিচালক জানান, বর্তমানে প্রকল্পের ভৌত কাজের সার্বিক অগ্রগতি ৮৫%। বিভিন্ন প্রক্রিয়া সমাপনান্তে মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে ১২ মার্চ ২০২৩ তারিখে অনুষ্ঠিত একনেক সভাতে প্রকল্পটির মেয়াদ ৩০ ডিসেম্বর ২০২৩ পর্যন্ত বৃদ্ধির প্রস্তাব অনুমোদিত হয়।অতঃপর এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগের ২৯ মার্চ ২০২৩ তারিখের স্মারক নং-২০.০০.০০০০.৪১১.১৪.০২০.২৩.৪৭ অনুসারে প্রকল্পটির মেয়াদ বৃদ্ধির সরকারি প্রজ্ঞাপন/আদেশ জারি করা হয়। ২০২৩-২৪ এডিপিতে প্রকল্পটির অনুকূলে ৫০১১.০০ লক্ষ টাকা অর্থ বরাদ্দের কাজ পরিকল্পনা কমিশনের কার্যক্রম বিভাগে প্রক্রিয়াধীন রয়েছে। আগামী সেপ্টেম্বর, ২০২৩ তারিখের মধ্যে অবশিষ্ট কাজ সমাপ্ত হবে | খ) আগামী সেপ্টেম্বর, ২০২৩ তারিখের মধ্যে অবশিষ্ট কাজ সমাপ্তের জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে এবং পরবর্তী সভায় অগ্রগতি উপস্থাপন করতে হবে। | |

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| | গ) বাংলাদেশ লেবার ইনফরমেশন ম্যানেজমেন্ট সিস্টেম চালুকরণ (এলআইএমএস) প্রকল্প | মর্মে আশাবাদ ব্যক্ত করেন। সভাপতি আগামী সেপ্টেম্বর, ২০২৩ তারিখের মধ্যে অবশিষ্ট কাজ সমাপ্তের জন্য প্রকল্প পরিচালককে অনুরোধ করেন।<br><br>গ) সভাপতি কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন বাংলাদেশ লেবার ইনফরমেশন ম্যানেজমেন্ট সিস্টেম (এলআইএমএস) চালুকরণ প্রকল্পের অগ্রগতি জানতে চাইলে প্রকল্পের প্রকল্প পরিচালক যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন অধিশাখা) বলেন, প্রকল্পের মেয়াদকাল ০১ মে, ২০২২খ্রিঃ হতে ৩১ এপ্রিল, ২০২৫খ্রিঃ ও প্রাক্কলিত ব্যয় ধরা হয়েছে ৩৩৬৭.৫৭ লক্ষ (তেত্রিশ কোটি সাতষট্টি লক্ষ সাতান্ন হাজার) টাকা। প্রশাসনিক আদেশ জারি করা ২৫ জুলাই, ২০২২খ্রিঃ। উক্ত প্রকল্পের আওতায় মূল কার্যক্রম হিসেবে পরামর্শক প্রতিষ্ঠানের মাধ্যমে টি গার্ডেন, গার্মেন্টস, ফার্মাসিটিক্যাল, ট্যানারী, জাহাজভাঙ্গা ও অপ্রাতিষ্ঠানিক সেক্টরে ৩,০০,০০০ (তিন লক্ষ) শ্রমিককে সনাক্তকরণ নম্বর প্রদান ও আইডি কার্ড বিতরণ করা হবে।<br><br>ইতিমধ্যে নির্বাচিত পরামর্শক প্রতিষ্ঠান সিমেক সিস্টেম কর্তৃক নির্ধারিত Time Bound Action plan অনুযায়ী Series of Stakeholder discussion এর মাধ্যমে Inception Report ও SRS চূড়ান্ত করা হয়েছে।<br>Software Detail Design (SDD) ও User Interface (UI) Design কার্যক্রম শুরু করার পূর্বে আগামি ২৫ জুন ২০২৩ মহাপরিদর্শক মহোদয়ের উপস্থিতিতে একটি কারিগরি সভা অনুষ্ঠিত হবে যেখানে প্রকল্পটির সার্বিক অগ্রগতি, সমস্যা ও করনীয় সম্পর্কে আলোচনা করা হবে।<br>চলতি অর্থ বছরে ৪ কোটি ৯০ লক্ষ টাকা বরাদ্দ রাখা হয়েছে এবং প্রকল্পটি বি ক্যাটাগরি হবার কারণে সর্বোচ্চ ৮৫% (৪১৬.৫০ লক্ষ) টাকা ছাড় করা হয়েছে এবং ৪১২.৩৬ লক্ষ টাকা খরচ করা হয়েছে যা বরাদ্দের ৮৪ ভাগ। প্রকল্পের আওতায় চলতি অর্থ বছরে বার্ষিক ক্রয় ও কর্মপরিকল্পনা অনুযায়ী ভৌত অগ্রগতি ১৮ ভাগ নিশ্চিত করা হয়েছে। এছাড়া প্রকল্পের ১ম পিআইসি ও পিএসসি সভা অনুষ্ঠিত হয়েছে, প্রকল্পের মুল চ্যালেঞ্জ সমূহ সভাসমুহে বিস্তারিত আলোচনা হয়েছে এবং সেই প্রেক্ষিতে কার্যক্রম চলমান রয়েছে। সভাপতি কার্যক্রম অব্যাহত রাখার এবং পরবর্তী সভায় অগ্রগতি উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন। | গ) বাংলাদেশ লেবার ইনফরমেশন ম্যানেজমেন্ট সিস্টেম (এলআইএমএস) চালুকরণ প্রকল্প যথাসময়ে শেষ করার জন্য কর্মপরিকল্পনা তৈরি করে পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। ২০২৩-২৪ অর্থবছরের বাজেট বরাদ্দ যথাযথভাবে ব্যয় নিশ্চিত করতে হবে। | ৮। NOSHTRI বিষয়ক কমিটির সকল সদস্য<br><br>৯। উপমহাপরিদর্শক (আইএসইউ)<br><br>১০। উপমহাপরিদর্শক (সাধারণ শাখা)<br><br>১১। উপমহাপরিদর্শক (মনিটরিং ও মূল্যায়ন শাখা)<br><br>১২। সংশ্লিষ্ট উপমহাপরিদর্শকগণ |

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| | ঘ) জিআইজেড বিষয়ক প্রকল্প | ঘ) সভাপতি জিআইজেড বিষয়ক প্রকল্প-এর ফোকাল পয়েন্ট কর্মকর্তা যুগ্মমহাপরিদর্শক (সেইফটি অধিশাখা) প্রকল্পের অগ্রগতি নিম্নোক্তভাবে সভায় তুলে ধরেন :<br><br>১. Programme for Sustainability in the Textile and Leather Sector" -STILE;<br><br>1. GIZ has tendered out the work for development of course materials of NOHSTRI. Once the consultant is selected, the work will be done in consultation with the personnel from DIFE concerned with NOHSTRI.<br>2. GIZ will support in the<br>a. assessment of lab equipment for NOSHTRI<br>b. class room layout of NOSHTRI<br>c. ToT of the 13 personnel of NOHSTRI<br>d. Development of the VR and AR lab of NOHSTRI<br><br>২) Social Protection for Workers in the Textile and Leather Sector (SOSI)<br><br>Jan 2022-Dec 2025<br><br>a. The project appraisal is signed on 9th March 2022.<br>b. Prodoc is signed between ERD and GIZ.<br>c. Draft TAPP is reviewed by DIFE and sent back to the GIZ for correction.<br>d. Project information has been entered into AMS.<br><br>৩) প্রকল্পের নামঃ Good Working Conditions in Tanneries in Bangladesh<br><br>প্রকল্প ব্যয়ঃ ৪ মিলিয়ন ইউরো /তেতাল্লিশ কোটি আটাত্তর লক্ষ ষাট হাজার টাকা মাত্র (টাকা=৪৩,৭৮,৬০,০০০/-)<br><br>প্রকল্পের মেয়াদঃ ১ ডিসেম্বর, ২০২২ থেকে ৩০ এপ্রিল, ২০২৫ খ্রিঃ<br><br>বর্তমান অবস্থাঃ | ঘ) জিআইজেড বিষয়ক প্রকল্প-<br><br>১. Programme for Sustainability in the Textile and Leather Sector" - STILE; ২. Social Protection for Workers in the Textile and Leather Sector; এবং ৩. Good Working Conditions in Tanneries (GOTAN)-এর অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | |

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| | | "প্রজেক্ট স্ক্রুটিনি কমিটি'র ১ম সভা ১৬ ফেব্রুয়ারি, ২০২৩ তারিখ এবং ২য় সভা ১৬ এপ্রিল, ২০২৩ তারিখ অনুষ্ঠিত হয়। সভার গৃহীত সিদ্ধান্ত/সুপারিশের প্রেক্ষিতে জিআইজেড টিএপিপি এর প্রয়োজনীয় সংশোধন করে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরে প্রেরণ করে, যা রিভিউ করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। পরবর্তীতে, ০৮ জুন, ২০২৩ খ্রিঃ উক্ত প্রস্তাবিত প্রকল্পের টিএপিপি সদয় অনুমোদনের জন্য শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় হতে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। সভাপতি কার্যক্রম অব্যাহত রাখার এবং পরবর্তী সভায় অগ্রগতি উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন। | | |
| | ঙ) ডেনিশ প্রকল্প (Improving the Health & Safety of workers in Bangladesh through the Strengthing of Labour Authorities) | ঙ) সভাপতি ডেনিশ প্রকল্প-এর অগ্রগতি জানতে চাইলে প্রকল্প-এর ফোকাল পয়েন্ট কর্মকর্তা যুগ্মমহাপরিদর্শক (সেইফটি অধিশাখা) প্রকল্পের অগ্রগতি নিম্নোক্তভাবে সভায় তুলে ধরেন :<br>**Implementation Period:** 1st of July 2023 – 31st of December 2025<br><br>**Implementing Agencies**: Department of Inspection for Factories and Establishment (DIFE) and Danish Working Environment Authority (DWEA)<br><br>**Present status:**<br>▪ Agreement is sent to the Ministry of Labour and Employment (MoLE) for signing.<br>▪ The TAPP, incorporating the recommendations of the scrutiny committee, is sent to the ministry on 19th June, 2023. | ঙ) ডেনিশ প্রকল্প (Improving the Health & Safety of workers in Bangladesh through the Strengthing of Labour Authorities)-এর ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | |
| | চ) আইএলও-আরএমজি (২য় পর্যায়) প্রকল্প | চ) সভাপতি আইএলও-আরএমজি (২য় পর্যায়) প্রকল্প-এর ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন। | চ) আইএলও-আরএমজি (২য় পর্যায়) প্রকল্প-এর ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | |

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| | ছ) ILO Road Map+ European Union NAP বাস্তবায়ন | ছ) সভাপতি ILO Road Map+ European Union NAP বাস্তবায়ন সংক্রান্ত সকল বাস্তবায়ন অগ্রগতি হালনাগাদকৃত তথ্য উপমহাপরিদর্শক (সেইফটি)-কে পরবর্তী সভায় উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন। | ছ) ILO Road Map+ European Union NAP বাস্তবায়ন সংক্রান্ত সকল বাস্তবায়ন অগ্রগতি হালনাগাদকৃত তথ্য উপমহাপরিদর্শক (সেইফটি)-কে পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | |
| ২৬। | বিবিধ | ক) উপমহাপরিদর্শক, নরসিংদী বলেন বিদ্যুৎ সংযোগ, গ্যাস সংযোগ এবং ব্যাংক ঋণের ক্ষেত্রে যদি ডাইফের লাইসেন্স গ্রহণের বাধ্যবাধকতা চালু করা যায় তবে প্রতিষ্ঠানসমূহ ডাইফের লাইসেন্স গ্রহণ করবে এবং এক্ষেত্রে সরকারেরও রাজস্ব প্রাপ্তি বৃদ্ধি পাবে। সভাপতি বিষয়টির সাথে একমত পোষণ করেন এবং সাধারণ অধিশাখা হতে একটি পত্র প্রশাসনিক মন্ত্রণালয়ের মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে প্রেরণের জন্য উপমহাপরিদর্শক (সাধারণ শাখা)-কে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করেন।<br><br>খ) উপমহাপরিদর্শক, দিনাজপুর বলেন শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন এবং কেন্দ্রীয় তহবিল হতে আর্থিক সহায়তা প্রাপ্তির জন্য উপমহাপরিদর্শকের কার্যালয় হতে যেসকল আবেদন অগ্রায়ন করা হয় সেসকল আবেদনের বিপরীতে আর্থিক সহায়তার চেকের ব্যাপারে সুনির্দিষ্ট তথ্য অধিকাংশ ক্ষেত্রেই পাওয়া যায় না। এক্ষেত্রে শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন এবং কেন্দ্রীয় তহবিল হতে আর্থিক অনুদানের চেক স্ব স্ব উপমহাপরিদর্শকের কার্যালয়ের মাধ্যমে আবেদনকারীর নিকট হস্তান্তর করা লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতিকে অনুরোধ করেন। সভাপতি এ বিষয়ক একটি পত্র শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন এবং কেন্দ্রীয় তহবিল-এর মহাপরিচালক বরাবর প্রেরণের জন্য উপমহাপরিদর্শক (মনিটরিং ও মূল্যায়ন শাখা)-কে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করেন।<br><br>গ) সভাপতি সমন্বয় সভার আলোচ্যসূচি থেকে প্রকল্প বিষয়ক আলোচনা পৃথক করে মাসের কোন একটি নির্দিষ্ট তারিখে সকল প্রকল্প পরিচালকের সমন্বয়ে অনুষ্ঠিতের জন্য প্রস্তাব করলে সভায় উপস্থিত সকলে এতে একমত পোষণ করেন। | ক) কোন কারখানা/প্রতিষ্ঠানের বিদ্যুৎ সংযোগ, গ্যাস সংযোগ এবং ব্যাংক ঋণের ক্ষেত্রে ডাইফের লাইসেন্স গ্রহণের বাধ্যবাধকতা চালুকরণের নিমিত্ত সাধারণ অধিশাখা কর্তৃক একটি পত্র প্রশাসনিক মন্ত্রণালয়ের মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে প্রেরণের জন্য উপমহাপরিদর্শক (সাধারণ শাখা)-কে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণপূর্বক পরবর্তী সভায় এ সংক্রান্ত অগ্রগতি উপস্থাপন করতে হবে।<br><br>খ) শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন এবং কেন্দ্রীয় তহবিল হতে আর্থিক অনুদানের চেক স্ব স্ব উপমহাপরিদর্শকের কার্যালয়ের মাধ্যমে আবেদনকারীর নিকট হস্তান্তর করার লক্ষ্যে একটি পত্র শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন এবং কেন্দ্রীয় তহবিল-এর মহাপরিচালক বরাবর প্রেরণের জন্য উপমহাপরিদর্শক (মনিটরিং ও মূল্যায়ন শাখা)-কে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণপূর্বক পরবর্তী সভায় অগ্রগতি উপস্থাপন করবেন।<br><br>গ) প্রকল্প বিষয়ক আলোচনা পৃথক করে মাসের কোন একটি নির্দিষ্ট তারিখে সভাপতির সম্মতিতে সকল প্রকল্প পরিচালকের সমন্বয়ে অনুষ্ঠিত হবে। এক্ষেত্রে উপমহাপরিদর্শক (পরিকল্পনা ও উন্নয়ন শাখা) সদস্য সচিব হিসেবে সভার সার্বিক কার্যক্রম সমন্বয় করবেন। | ১। যুগ্মমহাপরিদর্শক (সকল)<br>২। উপমহাপরিদর্শক (সকল)<br>৩। উপমহাপরিদর্শক (সাধারণ শাখা)<br>৪। উপমহাপরিদর্শক (মনিটরিং ও মূল্যায়ন শাখা) |

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| | | ঘ) যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন অধিশাখা) বলেন, NOSHTRI কর্তৃক গৃহীত কার্যক্রমের অগ্রগতি প্রতি সভায় উপস্থাপন করা হলে এ সংক্রান্ত তথ্য সম্পর্কে সকলেই অবগত হতে পারবেন। সভাপতি এ সংক্রান্ত কার্যক্রম আলোচ্যসূচিতে অন্তর্ভুক্ত করার জন্য নির্দেশনা প্রদান করেন।<br><br>ঙ) উপমহাপরিদর্শক, সিলেট বলেন কারখানার কমপ্লায়্যান্স নির্ধারণের কোন মানদণ্ড না থাকায় কারখানার কমপ্ল্যায়েন্স সঠিকভাবে নির্ধারণ করা যাচ্ছে না। মানদন্ড নির্ধারণের জন্য সভাপতির দৃষ্টি আকর্ষণ করলে সভাপতি মানদন্ড নির্ধারণের জন্য যুগ্ম-মহাপরিদর্শক (সাধারণ অধিশাখা)-কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। | ঘ) NOSHTRI কর্তৃক গৃহীত কার্যক্রমের অগ্রগতি প্রতি সভায় উপস্থাপন করতে হবে।<br><br>ঙ) কারখানার কমপ্লায়্যান্স নির্ধারণের মানদণ্ড নির্ধারণকল্পে যুগ্ম-মহাপরিদর্শক (সাধারণ অধিশাখা)-কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |

২। সকলের সুস্থতা কামনা করে পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০২.০৭.২৩

(সাইফ উদ্দিন আহমেদ)
মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব) (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: ০২-২২৬৬৬৪২০২
ig@dife.gov.bd

স্মারক নং: ৪০.০১.০০০০.১০১.০৬.০০২.২১- তারিখ: ০২ জুলাই ২০২৩

**বিতরণ: জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-**

১। অতিরিক্ত মহাপরিদর্শক (যুগ্মসচিব), প্রধান কার্যালয়, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, ঢাকা

২। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)

৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

৪-৬। প্রকল্প পরিচালক (সকল), কলকারখানা ও প্রতিষ্ঠআন পরিদর্শন অধিদপ্তর

৭। জনাব সুকান্ত বসাক, সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় **(পরবর্তি সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো)**

৮-১২। যুগ্ম-মহাপরিদর্শক (সকল) কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা

১৩-২১। উপমহাপরিদর্শক (সকল) কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা

২২-৫২। উপমহাপরিদর্শক (সকল জেলা), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

৫৩। স্টাফ অফিসার টু মহাপরিদর্শক, মহাপরিদর্শকের দপ্তর, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

৫৪। সহকারি মহাপরিদর্শক (সকল), প্রশাসন ও উন্নয়ন, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

৫৫। আইন কর্মকর্তা, আইন উপশাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

৫৬। তথ্য ও গণসংযোগ কর্মকর্তা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

৫৭। পরিসংখ্যান ও গবেষণা কর্মকর্তা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

৫৮-৫৯। সহকারী মহাপরিদর্শক (সেইফটি)/শ্রম পরিদর্শক (সেইফটি), (ফায়ার/ইলেক্ট্রিক্যাল/স্ট্রাকচারাল) টাস্কফোর্স কমিটি, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, ঢাকা

৬০। LIMA সাপোর্ট টিম, প্রধান কার্যালয়, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, ঢাকা

৬১। জনাব সাব্বির আনোয়ার, শ্রম পরিদর্শক (সাধারণ), আইসিটি সেল, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

৬২। অফিস কপি।

02.09.23

(মোঃ মেহেদী হাসান)
উপমহাপরিদর্শক
**(প্রশাসন শাখা)**